# Bangladesh Society for Training and Development (BSTD)
বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি)

14A & 31A (Level-12)
Centre Point Concord
Tejkunipara, Farmgate
Dhaka-1215, Bangladesh

Phone : +88-02-41024413
Mobile: +88-01817072603
Fax : +88-02-41024413
E-mail: bstddhaka@gmail.com
Web : www.bstdbd.org


স্মারক নং: বিএসটিডি/১০-০১/১৩/বনভোজন-২০২৫/৩৩৯ তারিখ: ০২ ডিসেম্বর ২০২৫

**বিষয়: বিএসটিডি'র বার্ষিক বনভোজন ও মিলনমেলা-২০২৫ অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য পুনরায় আমন্ত্রণ।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি)'র বার্ষিক বনভোজন ও মিলনমেলা-২০২৫ আগামী **১৩ ডিসেম্বর ২০২৫** তারিখ, শনিবার **"অনন্ত আনন্দ" (বাগান বাড়ি), ধলাদিয়া (রাজেন্দ্রপুর সেনানিবাস পার হয়ে), কাপাশিয়া, গাজীপুরে** অনুষ্ঠিত হবে।

বনভোজনের জন্য **জনপ্রতি সদস্য চাঁদা ১,৫০০/- টাকা, সহধর্মী ১,০০০/- টাকা এবং ছেলে/মেয়ে/ড্রাইভার/অ্যাটেনডেন্স জনপ্রতি চাঁদা ৫০০/- টাকা এবং গেষ্ট জনপ্রতি ১,৫০০/- টাকা** নির্ধারিত হয়েছে।

অতএব, উল্লিখিত তারিখে অনুষ্ঠিতব্য বার্ষিক বনভোজন ও মিলনমেলা অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আপনাদেরকে পুনরায় আমন্ত্রণ জানানো হলো।

আগামী **০৮ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে** বার্ষিক বনভোজন ও মিলনমেলা-২০২৫-এ অংশগ্রহণে আগ্রহী সদস্যগণের নাম তালিকাভুক্তি এবং বার্ষিক বনভোজন ও মিলনমেলার **চাঁদার অর্থ বিএসটিডি'র অফিসে নগদে অথবা 'বিকাশ' এর মাধ্যমে (নম্বর: ০১৮১৭০৭২৬০৩) ক্যাশ-আউট চার্জসহ** প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাদেরকে আবারো অনুরোধ করা হলো।

উল্লিখিত স্থানে যাওয়া-আসার জন্য বিএসটিডি'র পক্ষ থেকে বাসের ব্যবস্থা করা হবে। এ দিন সকাল ৮:০০ টায় ফার্মগেটস্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) প্রাঙ্গণ থেকে বাস গন্তব্যের উদ্দেশ্যে ছেড়ে যাবে এবং মিলনমেলা শেষে বিএআরসি প্রাঙ্গণে আবার ফিরে আসবে।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,

০২/১২/২৫

(মুহাম্মদ জিল্লুর রহমান)
নির্বাহী কর্মকর্তা
বিএসটিডি

বিতরণ:
বিএসটিডি'র প্রাতিষ্ঠানিক, আজীবন, সাধারণ এবং সহযোগী সদস্যবৃন্দ।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে:
১। জনাব এম জানিবুল হক, সভাপতি মহোদয়, বিএসটিডি।
২। জনাব এম খায়রুল কবীর, মহাসচিব, বিএসটিডি।
৩। কোষাধ্যক্ষ, বিএসটিডি।
৪। বেগম নিলুফার আহমেদ করিম, যুগ্ম-মহাসচিব, বিএসটিডি (বনভোজন আয়োজনে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হলো)।
৫। অফিস নথি/নোটিশ বোর্ড।

---

বিশেষ দ্রষ্টব্যঃ যে সকল সম্মানিত সদস্য বাৎসরিক চাঁদা পরিশোধ করেন নাই, তাঁদেরকে রেজিষ্ট্রেশনের সময় চাঁদা জমা দিতে অথবা বিএসটিডির বিকাশ নম্বর ০১৮১৭০৭২৬০৩ এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, গঠনতন্ত্রের ৭ এর "খ" ধারা অনুযায়ী মোট ৩ (তিন) বছরের সদস্য চাঁদা বকেয়া হলে সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।